# বাংলা প্রথম পত্র

বিষয় কোড: | ১ | ০ | ১ |

সময়-২ ঘণ্টা ২০ মিনিট

## সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৬০

*[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। প্রত্যেক অংশ থেকে কমপক্ষে একটি করে মোট ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]*

### ক অংশ — গদ্য

**প্রশ্ন-১ ▶** শীতে মরি ঠাণ্ডায় ঠাণ্ডায়, চৈতে মরি খরায়
বৈশাখে ঝড় দিরিম দিরিম, বর্ষা বাদল ঝরায়
আমি থাকি খোলা অঙ্গে তোমার বস্ত্র বুনে
এক কাপড়ে জনম গেল বাপ ব্যাটার সনে
এক বেলা খায় মায়ে-ঝিয়ে আরেক বেলা পুত
বাপে থাকে উপোস করে ক্ষুধার জ্বালায় ভূত।

ক. 'ত্যানা' শব্দের অর্থ কী? ১
খ. নিজ হাতে উৎপাদিত ফসল কৃষকের মুখে হাসি ফোটাতে পারে না কেন? ২
গ. উদ্দীপকের সঙ্গে 'চাষার দুক্ষু' প্রবন্ধের কৃষকদের বাস্তবতার তুলনা করো। ৩
ঘ. 'এক কাপড়ে জনম গেল'— উক্তিটি 'চাষার দুক্ষু' প্রবন্ধ অবলম্বনে মূল্যায়ন করো। ৪

**প্রশ্ন-২ ▶** মানুষ যদি নারী বা পুরুষ হিসাবে কাউকে বিচার করে, তবে মানবিক শ্রদ্ধাবোধ কাজ করে না, বরং এক প্রকার অন্তর্দ্বন্দ্বের সৃষ্টি হয়। এতে করে আমাদের মা বোনেরা বৈষম্যের শিকার। শ্রদ্ধাহীন হওয়ায় অধিকার থেকেও তারা বঞ্চিত হয়। এর প্রকৃষ্ট উদাহরণ হলো— যৌতুক ও স্ত্রী নির্যাতন। মূলত নারীকে যদি পুরুষ সমাজ মানুষ ভাবতো, তবে এরূপ সামাজিক সমস্যা সৃষ্টি হতো না।

ক. মুফতে যা পাওয়া যায়, তার প্রতি জগুর কী রয়েছে? ১
খ. আহ্লাদিকে মাসি-পিসি জগুর ঘরে পাঠাবেনা কেন? ২
গ. 'মাসি-পিসি' গল্পের সাথে উদ্দীপকের সাদৃশ্য ব্যাখ্যা করো। ৩
ঘ. 'উদ্দীপকে যে সামাজিক সমস্যা আলোচিত হয়েছে, মাসি-পিসি গল্পে সেসব সমস্যাই রূপায়িত হয়েছে'— বিশ্লেষণ করো। ৪

**প্রশ্ন-৩ ▶** আনন্দময়ী বিদ্যানিকেতনের প্রবীণ শিক্ষক 'কর্মদোষে ফল লাভ' গল্পটি পড়ানো শেষে ছাত্রদের দুটি উপদেশ দেন।
উপদেশ-১. উচ্চাকাঙ্ক্ষার বশবর্তী হয়ে এমন কাজ করোনা, যা তোমাদের বিপদে ফেলতে পারে।
উপদেশ-২. সাধ ও সাধ্যের মধ্যে সমন্বয় সাধন করতে পারলেই নিজেকে সুখী ভাবা যায়।

ক. 'নেকলেস' গল্পে নিয়তির ভুলে কার জন্ম কেরানির পরিবারে? ১
খ. মাদাম লোইসেলের মনে সর্বদা দুঃখ বিরাজ করতো কেন? ২
গ. উদ্দীপকের ২নম্বর উপদেশ 'নেকলেস' গল্পের কোন দিকটির ইঙ্গিত বহন করে? — ব্যাখ্যা করো। ৩
ঘ. "উদ্দীপক উপদেশ দুটি 'নেকলেস' গল্পের চেতনাকেই ধারণ করে।" — উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

### খ অংশ — কবিতা

**প্রশ্ন-৪ ▶** গাইবান্ধার সুপারিভিটা গ্রামে এক বাড়িতে বিয়ে অনুষ্ঠান চলাকালে বৈদ্যুতিক শর্টসার্কিট থেকে আগুনের সূত্রপাত ঘটে। বাড়ির ভেতর থেকে কিছু লোক বের হতে পারলেও অনেকেই আটকা পড়ে। শান্ত নামের এক সাহসী যুবক আগুনের মধ্য থেকে অনেককে টেনে বের করে। এক পর্যায়ে সে নিজেই ভেতরে আটকা পড়ে যায়। দমকলকর্মীরা আগুন নিয়ন্ত্রণে আনলেও শান্তর দেহ পুড়ে যায়। নিজের জীবন দিয়ে শান্ত অনেকের প্রাণ রক্ষা করে।

ক. আরব দুলাল কে? ১
খ. 'তোমার হৃদয় বিশ্ব-দেউল সকল দেবতার।'— এ কথা বলা হয়েছে কেন? ২
গ. উদ্দীপকের বক্তব্য 'সাম্যবাদী' কবিতার কোন দিকটিকে নির্দেশ করে?— ব্যাখ্যা করো। ৩
ঘ. 'শান্ত ও শাক্যমুনির আত্মত্যাগ যেন একসূত্রে গাঁথা।'— উক্তিটি বিশ্লেষণ করো। ৪

**প্রশ্ন-৫ ▶** দুজন মনোবিজ্ঞানীর মতবাদ—
সিগমন্ড ফ্রয়েড: ১৬-১৮ বছর বয়সে ছেলেমেয়েরা সমলিঙ্গীয় প্রেমের আসক্তিতে ভোগে। স্বীয় সৌন্দর্য ও পোশাক পরিচ্ছদ সম্পর্কে অত্যধিক সচেতন হয়ে ওঠে এ বয়সেই।
এরিক-এরিকসন: ১৩ থেকে ১৯ বছর বয়সের স্তরটি না শিশু না যুবক। এ বয়সে স্বীয় চিন্তার চেয়ে সমাজ চিন্তাই প্রবল হয়ে ওঠে। সমাজের উন্নতির জন্য প্রতিবাদীও হয়ে ওঠে এ বয়সীরাই। আবার সামাজিক মূল্যবোধের বিরুদ্ধাচারণ করে এ বয়সেই।

ক. 'আঠারো বছর বয়স' কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে? ১
খ. কবি আঠারো বছর বয়সকে দুঃসহ বলেছেন কেন? ব্যাখ্যা করো। ২
গ. 'আঠারো বছর বয়স' কবিতায় কবির মনোভাবের সাথে সিগমন্ড ফ্রয়েডের বক্তব্যের বৈপরীত্যটি ব্যাখ্যা করো। ৩
ঘ. 'কবির দৃষ্টিভঙ্গি যেন এরিক-এরিকসনের বক্তব্যের প্রতিফলন' — বিশ্লেষণ করো। ৪

**প্রশ্ন-৬ ▶** সন্ধ্যারাগে-ঝিলিমিলি ঝিলমের স্রোতখানি বাঁকা
আঁধারে মলিন হল, যেন খাপে ঢাকা
বাঁকা তলোয়ার!
দিনের ভাঁটার শেষে রাত্রির জোয়ার
এল তার ভেসে; আসা তারাফুল নিয়ে কালো জলে।

ক. কবি বঙ্গোপসাগরের কাছে কী আমানত রেখেছেন? ১
খ. 'রক্তে আমার অনাদি অস্থি' কবিতাতে কবি কীসের বন্দনা করেছেন? ২
গ. উদ্দীপকটি কবিতার কোন অংশের সঙ্গে সাদৃশ্যপূর্ণ? বুঝিয়ে লেখো। ৩
ঘ. "উদ্দীপক এবং 'রক্তে আমার অনাদি অস্থি' কবিতার অন্তর্নিহিত তাৎপর্য একই"— উক্তিটির যথার্থতা মূল্যায়ন করো। ৪

### গ অংশ — সহপাঠ

**প্রশ্ন-৭ ▶** স্বামী-স্ত্রীর কথোপকথন—

জলিল সাহেব : আমারে ছাতা দাও। সবাই বাইরে খাড়ায়া আছে।
আকলিমা বেগম : কোথায় যাচ্ছেন আপনি?
জলিল সাহেব : মেয়ের জন্য পাত্র দেখতে।
আকলিমা বেগম : ও আচ্ছা! তো ছেলে কী করে?
জলিল সাহেব : তা দিয়ে তোমার কাম কী? মাইয়্যা মানুষ কথা কম বলবা, শুধু কাজের সময় কাজ করবা।

ক. কার কথা শুনলে পুরুষ মানুষ আর পুরুষ থাকে না? ১
খ. মজিদ আমেনা বিবির প্রতি ক্রুব্ধ কেন? ২
গ. উদ্দীপকের জলিল সাহেবের সাথে 'লালসালু' উপন্যাসের কোন চরিত্র সামঞ্জস্যপূর্ণ? —ব্যাখ্যা করো। ৩
ঘ. "উদ্দীপকে ও 'লালসালু' উপন্যাসে পুরুষের যে আধিপত্য প্রকাশ পেয়েছে তা আমাদের সমাজেরই চিত্র"— উক্তিটির সার্থকতা বিচার করো। ৪

**প্রশ্ন-৮ ▶** মানুষ বেঁচে থাকার জন্য শেষ পর্যন্ত লড়াই করে। জীবনের শেষ ক্ষুদ্র অবলম্বনকেও বিসর্জন দিয়ে বাঁচতে চায়। কোনো প্রাণিই এর ব্যতিক্রম নয়। যেমন: বাঘ ক্ষুধা-সহ্যের মাত্রা অতিক্রম করলে আপন ছানাদেরকে খেয়েও জীবন বাঁচায়।

ক. ট্রেনের ইঞ্জিনটা কীসের মতোই পানি খায়? ১
খ. মজিদের নিজের ভিটেমাটি ছেড়ে মহব্বতনগরে আসার কারণ ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে 'লালসালু' উপন্যাসের বিশেষ কোন দিকটি ফুটে উঠেছে? ৩
ঘ. 'অস্তিত্ব টিকিয়ে রাখাই মানুষের সর্বোচ্চ সাধনা'— উক্তিটি উদ্দীপক ও 'লালসালু' উপন্যাসের আলোকে বিশ্লেষণ করো। ৪

**প্রশ্ন-৯ ▶** "ওরা গুলি ছোড়ে এদেশের প্রাণে, দেশের দাবিকে রোখে,
ওদের ঘৃণ্য পদাঘাত, এ বাংলার বুকে।
ওরা এদেশের নয়,
দেশের ভাগ্য ওরা করে বিক্রয়।"

ক. কার অনুমতি পেলে ইংরেজরা জঙ্গল কেটে হাট বসাবে? ১
খ. রাইসুল-জুহালাকে জবরদস্ত শিল্পী বলার কারণ বুঝিয়ে লেখো। ২
গ. উদ্দীপকের যে দিকটি 'সিরাজউদ্দৌলা' নাটকের সাথে সাদৃশ্যপূর্ণ তা ব্যাখ্যা করো। ৩
ঘ. "দেশের ভাগ্য ওরা করে বিক্রয়"— মন্তব্যটি 'সিরাজউদ্দৌলা' নাটকের আলোকে বিশ্লেষণ করো। ৪

http://teachingbd.com

# বাংলা প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট　　পূর্ণমান — ৪০　　বিষয় কোড: ১ ০ ১

[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. 'বিড়াল' রচনায় 'নৈয়ায়িক' কোন অর্থে ব্যবহৃত হয়েছে?
ক ন্যায়শাস্ত্রে মূর্খ ব্যক্তি　খ ন্যায়শাস্ত্রে পণ্ডিত ব্যক্তি
গ অলংকারশাস্ত্রে মূর্খ ব্যাক্তি
ঘ অলংকার শাস্ত্রে পণ্ডিত ব্যক্তি

২. 'লাঙ্গুল' শব্দের প্রতিশব্দ নিচের কোনটি?
ক লাঙল　খ লেজ　গ আঙ্গুল　ঘ পিঙ্গল

নিচের উদ্দীপকটি পড়ো এবং ৩ ও ৪ নম্বর প্রশ্নের উত্তর দাও:
কন্যার বাড়িতে ভুরিভোজের পর পাত্রপক্ষ বিয়ের কাজ শুরু করতে বললেন। যৌতুকের টাকা নগদ চাইলেন পাত্রের পিতা। নগদ টাকা দিতে না পারায় পাত্রপক্ষ চলে গেল। অপমানে কন্যা আত্মহত্যা করল।

৩. উদ্দীপকের কনের সঙ্গে 'অপরিচিতা' গল্পের বৈসাদৃশ্যপূর্ণ চরিত্র কোনটি?
ক মা　খ অনুপম　গ মামা　ঘ কল্যাণী

৪. উদ্দীপকে 'অপরিচিতা' গল্পের যে বিষয়টি ফুটে উঠেছে—
i. পণপ্রথা
ii. বিয়ের আসরে সৃষ্ট জটিলতা
iii. বরপক্ষের স্বেচ্ছাচারিতা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

৫. 'রোকেয়া রচনাবলি'র প্রকাশক কে?
ক মাওলা ব্রাদার্স　খ বাংলা একাডেমি
গ শিশু একাডেমি　ঘ সাহিত্য প্রকাশ

৬. রোকেয়া সাখাওয়াতের পিতা ছিলেন—
i. বহু ভাষায় সুপণ্ডিত
ii. মেয়েদের শিক্ষায় রক্ষণশীল
iii. মেয়েদের শিক্ষায় আগ্রহী
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

৭. 'ওমা আজই তুমি এলে? দিগম্বরী কীভাবে বলেছিল?
ক হেসে হেসে　খ অবাক হয়ে
গ ক্ষুব্ধ হয়ে　ঘ চিন্তিত হয়ে

৮. স্পষ্ট কথা বলায় কষ্ট পাওয়াটাকে কী হিসেবে দেখেছেন?
ক শক্তি　খ সামর্থ্য　গ সক্ষমতা　ঘ দুর্বলতা

৯. 'সে তো প্রাপ্তি নয়, আত্মবিসর্জন'— দ্বারা যা বোঝানো হয়েছে—
i. নদী সাগরে গিয়ে নিঃশেষ হয়
ii. প্রাপ্তি ও আত্মবিসর্জন এক নয়
iii. নদীর ততটা প্রাপ্তি নেই যতটা আছে বিসর্জন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

১০. আহ্লাদির বাপ দুর্ভিক্ষের সময় মাসি-পিসির কী ছাঁটাই করেছিল?
ক খাওয়া　খ চুল　গ নখ　ঘ থাকা

১১. 'বায়ান্নর দিনগুলো' রচনায় বিশেষভাবে কাঁসের স্মৃতিচারণ করা হয়েছে?
ক ভাষা মিছিলে গুলি ও নিহতের খবর
খ ৬৯-এর ছয় দফা আন্দোলনের
গ ৭১-এর মুক্তিযুদ্ধের কথা
ঘ ৭৬-এর দুর্ভিক্ষের কথা

১২. ঈসা খাঁর কামানের গায়ে কোন লেখা দেখে লেখক মুগ্ধ হয়েছিলেন?
ক বাংলা　খ আরবি　গ উর্দু　ঘ সংস্কৃত

১৩. 'ইন্টার্নাল অ্যাফেয়ার' শব্দের অর্থ কী?
ক বৈদেশিক বিষয়　খ অভ্যন্তরীণ বিষয়
গ আন্তর্জাতিক বিষয়　ঘ গুরুত্বপূর্ণ বিষয়

১৪. কিউরেটরদের কাছে কোন প্রাণীটি বেশ কৌতূহল উদ্দীপক?
ক নীল তিমি　খ কচ্ছপ
গ সাপ　ঘ পিঁপড়া

১৫. লোইসেলের বন্ধুরা কোন পাখি শিকারে গিয়েছিল?
ক ঈগল　খ পেঙ্গুইন
গ ভরতপাখি　ঘ ফিনিক্স

১৬. 'বাসবত্রাস' বলতে কাকে ইঙ্গিত করা হয়েছে?
ক মেঘনাদ　খ ইন্দ্র　গ বিভীষণ　ঘ রাবণ

১৭. 'এই স্বরসাধনায় পৌঁছিল না বহুতর ডাক'— বলতে যা বোঝানো হয়েছে—
i. কবির সাধনা সর্বত্রগামী হয়নি
ii. কবিকে কেউ বহুস্বরে ডাকেনি
iii. সমাজের নীচু স্তরের জীবনযাত্রা কবির সৃষ্টিতে ধরা পড়েনি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

১৮. বাইবেল কাদের ধর্মগ্রন্থ?
ক হিন্দু　খ খ্রিষ্টান
গ বৌদ্ধ　ঘ মুসলমান

১৯. জলাঙ্গীরে অবিরল জল দেয়—
i. কর্ণফুলী　ii. ধলেশ্বরী
iii. পদ্মা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

২০. কহিল সে স্নিগ্ধ আঁখি তুলি—
i. দক্ষিণ দুয়ার খুলেছে কি
ii. বাতাবি নেবুর ফুল ফুটেছে কি
iii. আমের মুকুল ফুটেছে কি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ২১ ও ২২ নম্বর প্রশ্নের উত্তর দাও:
লাশের ওপর লাশ, তার ওপর লাশ! কেউ উপুড় হয়ে, কেউ চিৎ হয়ে, কেউ দলা পাকিয়ে একে অন্যকে জড়িয়ে ধরেছে, আঁকড়ে ধরেছে, জাপটে ধরেছে।

২১. উদ্দীপকের সাথে 'সেই অস্ত্র' কবিতার কোন চরণের সাদৃশ্য রয়েছে?
ক ফসলের মাঠে আগুন জ্বলবে না
খ মানুষকে করবে না পঙ্গু-বিকৃত
গ পাখিরা নীড়ে ঘুমাবে
ঘ জাত্যাভিমানকে বার বার করে পরাজিত

২২. উদ্দীপক ও 'সেই অস্ত্র' কবিতার প্রেক্ষাপটে—
i. যুদ্ধের বীভৎসতা　ii. মানুষের হিংস্রতা
iii. মানুষের মানবিকতা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

২৩. 'সঁপে' শব্দের অর্থ কী?
ক সমর্পণ করে　খ শুকে দেখে
গ স্বপ্ন দেখে　ঘ সাপ দেখে

২৪. 'ফোটে ফুল বাস্তবের বিশাল চত্বরে' — এটি কে বলে?
ক বরকত　খ সালাম　গ কবি　ঘ রফিক

২৫. জিহ্বায় উচ্চারিত প্রতিটি মুক্ত শব্দ কী?
ক সত্য　খ প্রতিবাদ　গ বাণী　ঘ কবিতা

নিচের উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও:
রশিদ মিয়া আজিমপুর গ্রামের কৃষক নেতা। তার যোগ্য নেতৃত্বে চিংড়ি চাষিরা চাষের জমিতে লোনা জল তুলতে পারেনি।

২৬. রশিদ মিয়ার মতো কৃষক নেতার উল্লেখ আছে কোন কবিতায়?
ক রক্তে আমার অনাদি অস্থি
খ লোকলোকান্তর
গ আমি কিংবদন্তির কথা বলছি
ঘ নূরলদীনের কথা মনে পড়ে যায়

২৭. উক্ত কৃষক নেতা আন্দোলনের ডাক দিয়েছিলেন—
i. ১১৮৯ বঙ্গাব্দে　ii. ১২৮৯ বঙ্গাব্দে
iii. ১৭৮২ খ্রিষ্টাব্দে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯ নম্বর প্রশ্নের উত্তর দাও:
যা হবার তা আগেই হয়ে গেছে। ভিন্ন ভিন্ন অপেক্ষার অভিন্ন হবার প্রয়োজন আর নেই। সত্যি নেই? [এ টেবিলে-সিন্দার্থ হক]

২৮. উদ্দীপকটির সাথে 'লোক-লোকান্তর' কবিতার অমিল কোথায়?
ক কাঠামোতে　খ ছন্দে
গ প্রেক্ষিত　ঘ দর্শনে

২৯. 'অভিন্ন হবার প্রয়োজন আর নেই 'লোক-লোকান্তর' কবিতায় কবি এর বিপরীত কী বলেন?
ক আহত কবির কথা শোনা
খ আহত কবির গান শোনা
গ কবিতার আসন্ন বিজয়
ঘ লোকান্তরে যাওয়া

৩০. 'রক্তে আমার অনাদি অস্থি' কবিতায় 'নরদানব' শব্দটি কোন অর্থে ব্যবহৃত হয়েছিল?
ক রাজাকার　খ রাক্ষস
গ বিদেশি নরপিশাচ　ঘ দেশি শত্রু

৩১. সুহানা এক প্রতিবাদী নারী। সমাজে অন্যায়ের বিরুদ্ধে সে সদা তৎপর। উদ্দীপকের সুহানা 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রের সঙ্গে তুলনীয়?
ক জমিলা　খ রহিমা
গ আমেনা　ঘ তানু বিবি

৩২. মজিদের আত্মবিশ্বাসের কারণ হলো—
i. গাঁয়ের মাতব্বর ওর কথা ছাড়া কথা কয় না
ii. মানুষের ধর্মীয় অনুভূতিকে ব্যবহার করতে জানে
iii. মাজারের মুখপাত্র হিসেবে সবাই তার কথা আগ্রহে শোনে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

৩৩. মজিদের জমিলাকে বিয়ে করার কারণ—
i. সন্তান প্রত্যাশা　ii. জৈবিক তাড়না
iii. ধর্মীয় নির্দেশ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ো ৩৪ ও ৩৫ নম্বর প্রশ্নের উত্তর দাও:
সন্তান লাভ এবং সমাজে কর্তৃত্ব স্থাপনের প্রত্যাশায় মকসুদ মিঞা দ্বিতীয় বিয়ে করে।

৩৪. উদ্দীপকের মকসুদ চরিত্র 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রের সঙ্গে তুলনীয়?
ক আক্কাস　খ মজিদ　গ তবারক　ঘ তাহের

৩৫. ওই ব্যক্তির স্ত্রীর নাম হলো—
i. রহিমা　ii. আমেনা
iii. জমিলা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

৩৬. নবাব রাজ্য ছেড়ে সকলকে পালাতে নিষেধ করলেন কেন?
ক বিপদের আশঙ্কা নেই বলে
খ নতুন উদ্যমে জাগতে হবে বলে
গ বিজয় অবশ্যম্ভাবী বলে
ঘ নিজস্ব স্বার্থের কারণে

৩৭. হামিদ রাজাকার মুক্তিযুদ্ধের সময় নিজের সার্থের জন্য পাকিস্তানি সৈন্যদের সহযোগিতা করে।— হামিদ চরিত্রটি 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রকে নির্দেশ করে?
ক মিরকাসিম　খ মিরমর্দান
গ মিরজাফর　ঘ শওকতজঙ্গ

৩৮. বাবার সামনে ভালো সাজলেও সবুজ মদ পান করে এবং নারীদের সঙ্গে অবৈধ সম্পর্ক বজায় রাখে। 'সবুজ' চরিত্রটি 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রকে নির্দেশ করে?
ক মিরকাসিম　খ মিরন
গ মির মর্দান　ঘ রাইসুল জুহালা

নিচের উদ্দীপকটি পড়ে ৩৯ ও ৪০ নম্বর প্রশ্নের উত্তর দাও:
রাম-রাবণের যুদ্ধে লঙ্কার পরাজয় হয়েছিল সামরিক দুর্বলতার জন্য নয়, বরং বিভীষণের বিশ্বাসঘাতকতা ও দেশদ্রোহিতার জন্য।

৩৯. উদ্দীপকের বিভীষণ চরিত্রটি 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রের সঙ্গে তুলনীয়?
ক মির কাসিম　খ মিরজাফর
গ মিরন　ঘ মোহনলাল

৪০. চরিত্র দুটি যে দিক থেকে সমতুল্য তা হলো—
i. বিশ্বাসঘাতকতা　ii. দেশদ্রোহিতা
iii. স্বার্থপরতা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | খ | ৩ | ঘ | ৪ | ঘ | ৫ | খ | ৬ | ক | ৭ | খ | ৮ | ঘ | ৯ | খ | ১০ | ক | ১১ | ক | ১২ | ক | ১৩ | খ | ১৪ | গ | ১৫ | গ | ১৬ | ক | ১৭ | খ | ১৮ | খ | ১৯ | খ | ২০ | ঘ |
| ২১ | ঘ | ২২ | ক | ২৩ | ক | ২৪ | ক | ২৫ | খ | ২৬ | ঘ | ২৭ | ঘ | ২৮ | গ | ২৯ | খ | ৩০ | গ | ৩১ | ক | ৩২ | ঘ | ৩৩ | ক | ৩৪ | খ | ৩৫ | ঘ | ৩৬ | খ | ৩৭ | গ | ৩৮ | খ | ৩৯ | খ | ৪০ | ক |

http://teachingbd.com